# সভার কার্যবিবরনী

**স্থানঃ কামারখালী U.P.C ভবন।    তারিখ ঃ ২৯/০৯/২০২২ ইং,    সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।**

**সভাপতি ঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।**

**উপস্থিত সদস্যবৃন্দের নাম**

০১. জনাব মমতাজ বেগম
০২. জনাব জোহরা বেগম
০৩. জনাব আসমা বেগম
০৪. জনাব মোঃ জসীম শেখ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির
০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু
১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে সেপ্টেম্বর/২০২২ মাসের সভার কার্য শুরু করা হইল।

**আলোচ্য সূচি-১:**

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হইলো এবং কোনো আপত্তি এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হইলো।

**আলোচ্য সূচি-২:**

সভায় সভাপতি সাহেব জানান যে, বন্যার পানি এ বছর এখনো বিপদ সীমার কাছে আসেনি। যে কোন সময় হঠাৎ করিয়া বন্যার পানি বৃদ্ধি পাইতে পারে। এ বিষয়ে ১, ২, ৩ এবং ৪ নং ওয়ার্ডের সদস্যদের অনুরোধ করা হয়। তাঁরা যেন সবসময়ে এ ব্যাপারে খোজ-খবর রাখেন এবং কৃষকের যেন ফসলের কোন ক্ষতি না হয় সে ব্যাপারে সতর্ক থাকেন। এছাড়া তিনি আরও বলেন যে, যদি বন্যা পরিস্থিতির অবনতি পরিলক্ষিত হয় তাহলে ইউনিয়ন পরিষদের সকল সদস্যকে এ ব্যাপারে সহযোগিতা করার কথা তিনি জানান। তিনি বলেন যে, যদি বন্যার পানি যদি বিপদ সীমার কাছে আসে তাহলে জনগনের ভোগান্তির শেষ থাকবে না। তাই জনগনের যেন কোন সমস্যা না হয় সেদিকে সকলকে সতর্ক থাকতে হবে। তিনি বন্যা মোকাবেলায় করণীয় সম্পর্কে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন। যদি বন্যা পরিস্থিতির অবনতি ঘটে তাহলে এই দুর্যোগ মোকাবেলায় সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। তখন সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন ও সকলেই এমন পরিস্থিতি ঘটলে সে বিষয়ে সহযোগিতা করার আশ্বাস দেন।

**আলোচ্য সূচি-৩:**

সভায় সভাপতি সাহেব আরও জানান যে, শারদীয় দুর্গাপূজা উপলক্ষে ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতির যেন কোন অবনতি না ঘটে সেদিকে সকলকে খেয়াল রাখার কথা বলেন। তিনি বলেন যে, আসন্ন শারদীয় দুর্গোৎসব যেন নির্বিঘ্নে সুষ্ঠু সুন্দরভাবে পালন করতে পারে সেদিকে সকলকে লক্ষ্য রাখতে হবে। আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২২ উপলক্ষে নিরাপত্তা ও আইন শৃংখলা নিয়ন্ত্রণে রাখতে হবে। মানুষের মধ্যে যেন কোন অশান্তি সৃষ্টি না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। তারা যেন তাঁদের দুর্গাপূজা সঠিকভাবে পালন করতে পারে সেটা লক্ষ্য রাখতে হবে। শারদীয় দুর্গাপূজা নিরাপদ, শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনে পুণ্যার্থীদের এসব নিরাপত্তা পরামর্শ গ্রহণের জন্য পুলিশের সহযোগিতা প্রয়োজন বলে তিনি মনে করেন। দুর্গাপূজা চলাকালে আতশবাজি ও পটকা ফাটানো থেকে বিরত থাকার জন্য তিনি অনুরোধ জানান এবং সকলকে এ বিষয়ে সহযোগিতা করার কথাও তিনি বলেন। প্রতিমা বিসর্জনের শোভাযাত্রার সময় এবং বিসর্জনকালে আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন এবং একথা তিনি সভায় তুলে ধরেন। পূজা উদযাপনকালে অন্যান্য ধর্মালম্বীদের ধর্মীয় অনুভূতির প্রতি শ্রদ্ধাশীল থেকে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখারও পরামর্শ দেয়া হয়।

**আলোচ্য সূচী-৪:**

চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-১ম পর্যায়) কর্মসূচীর আওতায় অত্র ইউনিয়নের অনুকূলে সাধারণ খাতে ১,৬০,০০০/= (কথায়:এক লক্ষ ষাট হাজার টাকা মাত্র) বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করে উপজেলা অফিসে প্রেরণ করা প্রয়োজন।। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নীতিমালা অনুসরণ করিয়া নিম্নলিখিত প্রকল্প গ্রহণ ও প্রকল্পের কাজ বাস্তবায়ন জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করা হইল।

**প্রকল্পের নাম : মছলন্দপুর দাস পাড়া সড়ক ও জনপথ হইতে মন্দির অভিমুখে রাস্তার মাটির কাজ ও ফ্লাট সোলিং**
**বরাদ্দ** : ৯০,০০০/=(কথায়: নব্বই হাজার টাকা মাত্র)।
**প্রকল্পের নাম: মছলন্দপুর পশ্চিম পাড়া রহমানের বাড়ীর নিকট ড্রেন নির্মান।**
**বরাদ্দ** : ৭০,০০০/= (সত্তর হাজার টাকা মাত্র)।

**প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)**

| | | |
|---|---|---|
| ১। মোঃ রাকিব হোসেন চৌধুরী, | ইউপি চেয়ারম্যান, | প্রকল্প সভাপতি |
| ২। মোঃ মিজানুর রহমান, | গন্যমান্য ব্যক্তি, | প্রকল্প সেক্রেটারী |
| ৩। মোঃ নাসির সেক | ভিডিপি, | প্রকল্প সদস্য |
| ৪। দাউদ শেখ, | ইমাম | প্রকল্প সদস্য |
| ৫। আছমা খাতুন , | শিক্ষিকা, | প্রকল্প সদস্য |

চেয়ারম্যান সাহেব সভাকে আরও জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা চেয়ারম্যান মধুখালী ফরিদপুর এর স্মারক নং ৫১.০১.৫৪০৮.০০০.১৪.০০৩.২২-৩০৮, তারিখ ২৩/০৯/২০২২ খ্রিঃ এর মর্মানুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় (১ম কিস্তি) অত্র ইউনিয়নের অনুকুলে ৩,৫০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে । উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহন ও প্রকল্প বাস্তাবায়ন কমিটি (পিআইসি) গঠন করে উপজেলা অফিসে প্রেরন করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে সরাকারী নীতিমালা অনুসরন করিয়া নিম্নলিখিত প্রকল্প গ্রহন ও প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করা হইল।

**প্রকল্পের নাম : চরকুসুন্দী মকবুল চৌকিদারের বাড়ী হইতে জারজননগর স্কুল অভিমুখে রাস্তা পুন:নির্মাণ।**
**বরাদ্দ** : ৩,৫০,০০০/= (কথায়: তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র)।

**প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)**

| | | |
|---|---|---|
| ১। মোঃ রাকিব হোসেন চৌধুরী | ইউপি চেয়ারম্যান | প্রকল্প সভাপতি |
| ২। মোছাঃ মমতাজ বেগম | ইউপি সদস্য | প্রকল্প সেক্রেটারি |
| ৩। মোঃ মুকুল সরদার | ভিডিপি | প্রকল্প সদস্য |
| ৪। সরোজিত ঘোষ | শিক্ষক | প্রকল্প সদস্য |
| ৫। নিখিল বালা | পুরোহিত | প্রকল্প সদস্য |

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

**সভাপতি**

তারিখ: ২৯/০৯/২০২২ খ্রি:

**(মোঃ রাকিব হোসেন চৌধুরী)**
চেয়ারম্যান
১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।
মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।